



পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
PASHCHIMANCHAL GAS COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং- ২৮.১৮.০০০০.০৭৭.৪৮.০০১.১৮/৫১০৫

তারিখ-২৪/০১/২০১৯

চেয়ারম্যান

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)

টিসিবি ভবন (৪র্থ তলা), কাওরান বাজার বা/এ,

ঢাকা-১২১৫।

বিষয়ঃ পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ এর বিতরণ মার্জিন বৃদ্ধির আবেদন।


মহোদয়,

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড পেট্রোবাংলার অধীন নিম্ন আয় অর্জনকারী একটি গ্যাস বিতরণ কোম্পানি। এ কোম্পানি গ্যাস বিক্রির মাধ্যমে আয় বৃদ্ধি করা সম্ভব না হলেও গ্রাহক সেবার মান অক্ষুণ্ণ/বৃদ্ধি, সরকারের ডিজিলাইজেশন কার্যক্রমের ধারাবাহিকতার সহিত সামঞ্জস্যতা বিধান ও কোম্পানির বয়স বৃদ্ধির ফলে অপারেশনাল কাজের পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় কোম্পানির পরিচালন ও বিতরণ ব্যয় গুণিতক হারে বৃদ্ধি পেয়েছে।

এতদপ্রেক্ষিতে সংযুক্তি (১)-এর বক্তব্য বিবেচনাপূর্বক পিজিসিএল-এর বিতরণ মার্জিন প্রতি ঘনমিটার ০১-০১-২০১৯ হতে ০.৯০৩ টাকায় এবং ০১-০৭-২০১৯ হতে ০.৬৮৩ টাকা নির্ধারণের আবেদন করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,




(মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী)

ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।


অনুলিপিঃ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন	
ডায়েরী নং: ৬৫১	তারিখ: ২৬/০১/১৯
সদস্য (পেট্রো/আইন)	১। নথিতে উপস্থাপন করুন ✓
সদস্য (প্রশাসন ও অর্থ)	২। পরীক্ষাণ্ডে মতামতসহ পেশ করুন
সদস্য (গ্যাস) ✓	৩। এ সম্পর্কে একটি প্রতিলিপি পেশ করুন
সদস্য (বিনয়)	৪। Please attend
সচিব	
একান্ত সচিব	
চেয়ারম্যান 	

১) পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ঢাকা।

২) মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), পিজিসিএল, সিরাজগঞ্জ।

৩) অফিস কপি।



প্রধান কার্যালয় : নলকা, সিরাজগঞ্জ। ফোনঃ ০৭৫১-৬৩৮২০, ফ্যাক্সঃ ৮৮-০৭৫১-৬৩৮২০

Head Office : Nalka, Sirajgonj, Phone : 0751-63820, Fax 88-0751-63820

লিয়াজে অফিস : পেট্রোসেন্টার (লেভেল-১৩), ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫। ফোন/ফ্যাক্স-৮৮-০২-৯১২৮৫৯১।

আঞ্চলিক অফিস : সিরাজগঞ্জ, ফোন ০৭৫১-৬৩১৩৯, ফ্যাক্স ৮৮-০৭৫১-৬২৯৬৩, বাঘাবাড়ী, ফোনঃ ০৭৫২৭-৬৪০৪২,

পাবনা, ফোন/ফ্যাক্স ০৭৩১-৬৩০৮৮, ঈশ্বরদী, ফোন ০৭৩২৬-৬৩২৮০, বগুড়া, ফোন/ফ্যাক্স ০৫১-৬৯১০০

রাজশাহী, ফোন ০৭২১-৭৬১৪৬৪, ফ্যাক্স ০৭২১-৭৬১৪৬৫।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক গ্যাস বিতরণ মার্জিন বৃদ্ধির আবেদন।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) গত ১৬/১০/২০১৮ তারিখের সূত্র নং বিইআরসি আদেশ #২০১৮/০৬ এর মাধ্যমে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) এর ডিস্ট্রিবিউশন মার্জিন ১৮ সেপ্টেম্বর ২০১৮ হতে কার্যকর করে প্রতি ঘনমিটার ০.৩৩৯৪ টাকা নির্ধারণ করে আদেশ প্রদান করে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন প্রবিধানমালা, ২০১০ (প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ) এর ধারা ৩ উপধারা ১ অনুসারে উল্লিখিত আদেশে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নিয়ে পিজিসিএল-এর গ্যাস বিতরণ মার্জিন বৃদ্ধির সুযোগ রয়েছেঃ

১। বিইআরসি আদেশ #২০১৮/০৬ এ Return on Equity নির্ধারণের ক্ষেত্রে Equity হিসেবে শুধুমাত্র Share Capital ও Deposit against Share ধরা হয়েছে। International Accounting Standards (IAS)/Bangladesh Financial Reporting Standards (BFRS) অনুসারে Equity সংক্রান্ত ব্যাখ্যা নিম্নরূপঃ

১.১ Bangladesh Financial Reporting Standards (BFRS) এর Framework 4.4(c) অনুসারে "Equity is the residual interest in the assets of the entity after deducting all its Liabilities".

BFRS এর Framework 4.20 অনুসারে Residual interest may be sub classified as funds contributed by shareholders, retained earnings, reserve representing appropriations of retained earnings and reserves representing capital maintenance adjustments.

উপরোক্ত সংজ্ঞা অনুযায়ী পিজিসিএল বিতরণ মার্জিন নির্ধারনে International Accounting Standards (IAS)/Bangladesh Financial Reporting Standards (BFRS) অনুসরণ করার আবেদন করা হল।

১.২ এছাড়াও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত BASEL III এর Risk based capital adequacy revised regulatory capital framework গাইডলাইনে Equity নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছে :

- Paid up capital
- Non-Repayable share premium account
- Statutory reserve
- General reserve
- Retained earnings
- Dividend equalization reserve etc.



১.৩ BFRS অনুসরণে পিজিসিএল-এর ২০১৭-১৮ অর্থবছরের চূড়ান্ত হিসাবে Equity হিসেবে Share Capital/Paid up Capital, Deposit against Share, Capital Reserve এবং Retained Earnings প্রদর্শন করা হয়েছে ও Change in Equity Statement প্রণয়ন করা হয়েছে এবং নিরীক্ষক কর্তৃক তা নিরীক্ষা করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী পিজিসিএল-এর Equity Structure এ Share Capital/Paid up Capital এর পরিমাণ ৫২৫.৫৩ মিলিয়ন টাকা এবং IAS/BFRS অনুসারে অবশিষ্ট ইকুইটির পরিমাণ ২,৭৫৯.১৫ মিলিয়ন টাকা (Equity Investment by GOB ৪০৩.৪৮ এবং Retained Earnings ২,৩৫৫.৬৭ মিলিয়ন টাকা) অর্থাৎ মোট ইকুইটির পরিমাণ দাঁড়ায় ৩,২৮৪.৬৮ মিলিয়ন টাকা।

১.৪ বিইআরসি প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ প্রবিধানমালার মেথোডোলজির ৩.৪.৩.২.১ অনুচ্ছেদে উল্লেখ করা আছে যে, Common Stock (Share Capital) এর ক্ষেত্রে লভ্যাংশের হার এবং সম্পূর্ণ সরকারী মালিকানাধীন লাইসেন্সের ক্ষেত্রে অবশিষ্ট ইকুইটির Cost of Capital কেন্দ্রীয় ব্যাংকের ০২(দুই) বছর মেয়াদী ট্রেজারী বিলের নিলাম রেট ব্যবহৃত হবে।

১.৫ পেট্রোবাংলার অধীনস্থ অন্যান্য সকল কোম্পানির ন্যায় পিজিসিএল একটি সরকারী কোম্পানি। সরকারের অর্থ মন্ত্রণালয় প্রতি বছর পেট্রোবাংলার অধীনস্থ সকল কোম্পানির জন্য লভ্যাংশ পরিশোধের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে এবং পেট্রোবাংলা কর্তৃক উক্ত লক্ষ্যমাত্রা ও সংশ্লিষ্ট কোম্পানির Share Capital/মুনাফা অনুসারে স্ব-স্ব কোম্পানির পরিশোধিত লভ্যাংশের পরিমাণ নির্ধারণ করে। তদানুযায়ী Share Capital/Paid up Capital ৫২৫.৫৩ মিলিয়ন টাকার বিপরীতে ২০১৭-১৮ অর্থ বছরে লভ্যাংশ বাবদ ৮০.০০ মিলিয়ন টাকা পিজিসিএল বাংলাদেশ ব্যাংকে চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করেছে। সেক্ষেত্রে সরকারকে প্রদত্ত লভ্যাংশের হার দাঁড়ায় $৮০.০০/৫২৫.৫৩ = ১৫.২২\%$ ।

১.৬ BFRS ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত BASEL III এর Capital Framework অনুসরণে অবশিষ্ট ইকুইটি ২,৭৫৯.১৫ মিলিয়ন টাকার বিপরীতে কমিশন কর্তৃক বাংলাদেশ ব্যাংকের ট্রেজারী বিলের নিলাম রেট অনুসারে Cost of Capital ৫.১১% বিবেচনা করা হলে মেথোডোলজির ৩.৪.৩.২.১ অনুচ্ছেদ অনুযায়ী Return on Equity-এর পরিমাণ দাঁড়ায় ১৪১.০০ মিলিয়ন টাকা যার বিস্তারিত হিসাব নিম্নে প্রদান করা হলোঃ

$$\begin{aligned} \text{ইকুইটির রিটার্নের শতকরা হার} &= \frac{\{(\text{কমন স্টক পরিমাণ} \times \text{লভ্যাংশের হার}) + (\text{অবশিষ্ট ইকুইটির পরিমাণ} \times \text{নন-স্টক রেট})\}}{(\text{কমন স্টক পরিমাণ} + \text{অবশিষ্ট ইকুইটির পরিমাণ})} \\ &= \frac{\{(৫২৫.৫৩ \times ১৫.২২\%) + (২,৭৫৯.১৫ \times ৫.১১\%)\}}{(৫২৫.৫৩ + ২,৭৫৯.১৫)} \\ &= ৯.৩৮\% \end{aligned}$$

পিজিসিএল এর রিটার্ন অন ইকুইটির পরিমাণ- $২,৩৫৫.৬৭ \times ৯.৩৮\% = ২২০.৯৬$ মিলিয়ন টাকা



- ২। বর্তমান আবেদনে ২০১৭-২০১৮ অর্থ বছরকে যাচাইবর্ষ ধরে ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট অনুসারে আয়-ব্যয় বিবেচনা করা হয়েছে এবং ২০১৭-১৮ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব অনুসারে রিটার্ন অন ইকুইটি নির্ধারণ করা হয়েছে। বর্তমান আবেদনে ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট অনুসারে গ্যাস বিক্রয়ের পরিমাণ ধরা হয়েছে যথাক্রমে ১০৬৪.৯১০ ও ১২২৮.০০ এমএমসিএম এবং ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রকৃত গ্যাস বিক্রয়ের পরিমাণ ছিল ৫৭৮.৯৮২ এমএমসিএম। কিন্তু বর্তমান পর্যায়ে সংশোধিত বাজেট বরাদ্দ মোতাবেক গ্যাস সরবরাহ না পাওয়ায় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য গ্যাস ভোগের পরিমাণ দাঁড়াবে ৯৩২.৮০ এমএমসিএম।
- ৩। কোম্পানির অন্যান্য আয়কে Non-Business Income হিসেবে বিবেচনা করে কর নির্ধারণ আদেশে আয়কর কর্তৃপক্ষ ৩৫% হারে কর্পোরেট ট্যাক্স আরোপ করে থাকে। বর্তমান আবেদনে কোম্পানির অন্যান্য আয়কে Tax net-off হিসেবে বিবেচনা করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে কোম্পানির নিরীক্ষিত হিসাব, ২০১৮-২০১৯ অর্থ বছরে সংশোধিত ও ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট অনুসারে অন্যান্য খাতের আয় নিম্নরূপঃ

(মিলিয়ন টাকায়)

বিবরণ	নিরীক্ষিত হিসাব ২০১৭-২০১৮	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	প্রাক্কলিত বাজেট ২০১৯-২০২০
সুদ আয়	১৯৬.৪১	২০০.০০	২১০.০০
অন্যান্য	২১.৪৬	৩৪.৬০	৩৫.২০
মোট অন্যান্য আয়	২১৭.৮৭	২৩৪.৬০	২৪৫.২০০

উক্ত আয় হতে ৩৫% কর্পোরেট ট্যাক্স বিয়োজন করা হলে নীট অন্যান্য আয়ের পরিমাণ দাঁড়ায় নিরীক্ষিত হিসাব মোতাবেক ১৪১.৬১ মিলিয়ন, সংশোধিত বাজেট অনুসারে ১৫২.৪৯ মিলিয়ন ও প্রাক্কলিত বাজেট অনুসারে ১৫৯.৩৮ মিলিয়ন টাকা। উক্ত নীট অন্যান্য আয়কে বিক্রীত/বিক্রয়যোগ্য গ্যাসের পরিমাণ দ্বারা ভাগ করা হলে প্রতি ঘনমিটারে অন্যান্য আয় খাতে প্রকৃত, সংশোধিত ও প্রাক্কলিত হিসাব হতে যথাক্রমে ০.২৪৪ টাকা, ০.১৬৩ টাকা ও ০.১৩০ টাকা মোট বিতরণ মার্জিন হতে বিয়োজনযোগ্য।

- ৪। এমতাবস্থায় BFRS ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত BASEL III Capital Framework অনুসারে Equity হিসাব করে Return on Equity নির্ধারণ এবং প্রকৃত আয় ব্যয় বিবেচনা করে ২০১৭-২০১৮ অর্থবছর কে প্রকৃত, ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট অনুসারে পিজিসিএল-এর রাজস্ব চাহিদা মেটাতে নিম্নরূপ গ্যাস বিতরণ মার্জিন প্রয়োজন হবেঃ



ক্রঃ নং	খরচের খাত	রাজস্ব চাহিদা (মিলিয়ন টাকা)		
		নিরীক্ষিত হিসাব ২০১৭-২০১৮	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	প্রাক্কলিত বাজেট ২০১৯-২০২০
ক)	জনবল খরচ	২৪৮.৩৫	২৬১.৬৫	২৪১.৭৮
খ)	অফিস এবং অন্যান্য প্রত্যক্ষ খরচ :			
	অফিস, স্টেশনারি ও প্রিন্টিং খরচ	১.৬৯	৪.০০	২.০০
	টেলিফোন ও টেলেক্স খরচ	২.৪৫	৩.৫০	৪.০০
	বিদ্যুৎ খরচ	২.৩৬	৩.৫০	৩.৫০
	ফটোকপি খরচ	৫.৬৬	৫.৫০	৫.৫০
	অফিস ভাড়া	২.৭৭	২.৫০	২.৫০
	এন্টারটেনমেন্ট এক্সপেন্স ও অ্যালাউন্স	১.৪৬	২.২০	২.২০
	প্রশিক্ষণ ও শিক্ষা খরচ	৮.৭৬	১০.০০	১২.৫০
	সিএনজি, পেট্রোল ও লুব্রিকেটিং খরচ	৪.৪৬	৫.০০	৫.০০
	অনিয়মিত শ্রমিকের মজুরী	২৭.৯৪	৩৩.৫০	৩৪.৪০
	নিরাপত্তা খরচ	২১.৭৮	২৪.৩৫	২৫.৩৫
	অন্যান্য খরচ	২৯.৩৮	৩৬.৯১	৪৭.৪৬
	মোট অফিস ও অন্যান্য প্রত্যক্ষ খরচ	১০৭.৭১	১৩০.৯৬	১৪৪.৪১
গ)	মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ	৯.৭৫	১২.১০	১১.৮০
ঘ)	পেট্রোবাংলা সার্ভিস চার্জ	২২.২৩	৪.০০	-
ঙ)	বিইআরসি সিস্টেম অপারেশন ফি	১.৬৯	১.৫০	১.৫০
চ)	অবচয়	১১২.৬৭	১২০.০০	১১২.৫০
ছ)	সুদ পরিশোধ	২০.৮৫	১৬.৫২	১২.৭০
জ)	বৈদেশিক মুদ্রার বিনিময় হারের হ্রাস-বৃদ্ধি জনিত ক্ষতি	৯.৪৫	১০.০০	১১.০০
ঝ)	কর্পোরেট ট্যাক্স	২৩২.৩৪	১৭৭.৩০	২১০.০০
ঞ)	রিটার্ন অন ইকুইটি	২২১.০০	২৬০.০০	২৬০.০০
ট)	বিতরণ রাজস্ব চাহিদা	৯৮৬.০৩	৯৯৪.০৩	১০০৫.৬৯
ঠ)	গ্যাসের পণ্যমূল্য (গ্যাসের সম্পদমূল্য, সম্পূরক শুষ্ক/মুসক,পিডিএফ মার্জিন, বাপেক্স মার্জিন, ডিভার্সিউএমবি, ওয়েলহেড মার্জিন, জিডিএফ মার্জিন এবং ট্রান্সমিশন চার্জ)	৪,৫০২.৪৯	৬,৫৬৫.৯৭	৭,৮৯৬.৯৫
ড)	মোট রাজস্ব চাহিদা	৫,৪৮৮.৫৩	৭,৫৬০.০০	৮,৯০২.৬৪
ঢ)	গ্যাস বিক্রয়ের পরিমাণ(এমএমসিএম)	৫৭৮.৯৮২	৯৩২.৮০	১২২৮.০০
ণ)	রাজস্ব চাহিদা মেটাতে গ্যাস বিতরণ মার্জিন (ট/ট)	১.৭০৩	১.০৬৬	০.৮১৯
ত)	অন্যান্য আয় (প্রতি ঘনমিটার/টাকা) *	০.২৪৪	০.১৬৩	০.১৩০
থ)	গ্যাস বিতরণ মার্জিন (প্রতি ঘনমিটার/টাকা) (৭-ত)	১.৪৫৯	০.৯০৩	০.৬৮৩

উপর্যুক্ত বর্ণনার পরিপ্রেক্ষিতে BFRS ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত BASEL III Capital Framework অনুসরণে Equity হিসাব করে Return on Equity নির্ধারণ এবং ২০১৭-২০১৮ অর্থবছরে প্রকৃত আয়-ব্যয় অনুযায়ী ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলিত হিসাব অনুযায়ী পিজিসিএল-এর রাজস্ব চাহিদা বিবেচনা করে উপরে উল্লিখিত প্যারা ৪ এর আলোকে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) এর গ্যাস বিতরণ মার্জিন প্রতি ঘনমিটার ০.৩৩৯৪ এর স্থলে প্রতি ঘনমিটার ০১/০১/২০১৯ হতে ০.৯০৩ টাকা এবং চাহিদা অনুযায়ী পিজিসিএল বিতরণ এলাকায় গ্যাস সরবরাহ প্রাপ্তি সাপেক্ষে ০১/০৭/২০১৯ তারিখ হতে ০.৬৮৩ টাকায় উন্নীতকরণের বিষয়ে কমিশন সমীপে বিনীত অনুরোধ জানানো হল।

অপরদিকে, সরকার ক্রমহ্রাসমান দেশীয় গ্যাসের উৎপাদন এবং দেশে গ্যাসের উত্তরোত্তর চাহিদা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে বিভিন্ন খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) ১৮ আগস্ট ২০১৮ হতে আমদানি করছে। আমদানীকৃত গ্যাসের মূল্য দেশী ও বিদেশী কোম্পানি কর্তৃক উত্তোলিত গ্যাসের মূল্যের সাথে মিশ্রণ হওয়ায় গ্যাসের উৎপাদন খরচ ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। ফলে, সার্বিক উৎপাদন খরচ বিবেচনায় নেয়া হলে প্রতি ঘনমিটার গ্যাসের বিক্রয়মূল্য কমপক্ষে ১২.১৯ টাকায় উন্নীত করা প্রয়োজন। তাই আমদানীকৃত গ্যাসের মূল্য পরিশোধের স্বার্থে বর্তমানে বিদ্যমান গ্যাসের মূল্য বৃদ্ধি করা আবশ্যিক। সার্বিক খরচ বিবেচনায় গ্রাহক পর্যায়ে নিম্নের প্রস্তাবনা অনুযায়ী গ্যাসের মূল্যহার বিইআরসি কর্তৃক বিবেচনার জন্য উপস্থাপন করা হলঃ

ভোক্তা পর্যায়ে সরবাহকৃত প্রাকৃতিক গ্যাসের প্রস্তাবিত মূল্যহারঃ

প্রস্তাবিত গ্রাহক শ্রেণী		বর্তমান মূল্য (Tk/CM)	প্রস্তাবিত মূল্য (Tk/CM)	বৃদ্ধির হার (%)
১।	বিদ্যুৎ	৩.১৬	৭.৬৬	১৪২%
২।	সার	২.৭১	৭.০০	১৫৮%
৩।	ক্যাপটিভ পাওয়ার	৯.৬২	১৫.৭০	৬৩%
৪।	শিল্প	৭.৭৬	১৫.০০	৯৩%
৫।	চা-বাগান	৭.৪২	১২.৮০	৭৩%
৬।	বাণিজ্যিক	১৭.০৪	২০.০০	১৭%
৭।	সিএনজি			
	ক) ফিড গ্যাস	৩২.০০	৪০.০০	২৫%
	খ) সিএনজি	৪০.০০	৪৮.০০	২০%
৮।	গৃহস্থালী			
	ক) মিটারযুক্ত	৯.১০	১৩.৬৫	৫০%
	খ) এক বার্গার	৭৫০.০০	১০০০.০০	৩৩%
	খ) ডাবল বার্গার	৮০০.০০	১২০০.০০	৫০%

অত্র কোম্পানির জন্য প্রাকৃতিক গ্যাস বিতরণ মার্জিন বৃদ্ধি করা না হলে সরকার ও দাতা সংস্থা হতে গৃহীত ঋণের আসল, ডিভিডেন্ড ও আয়কর খাতে বিপুল অংকের অর্থ পরিশোধের জন্য তারল্য ঘাটতি সৃষ্টি হবে। অপরদিকে, ২০১৮-১৯ অর্থ বছরের জন্য ধার্যকৃত ডিএসএল এর আসল ৯২.১৮ এবং লভ্যাংশ বাবদ ধার্যকৃত ১৫০.০০ মিলিয়ন টাকাসহ ২৪২.১৮ মিলিয়ন টাকা পরিশোধের ক্ষেত্রে তারল্য সংকট সৃষ্টি হবে। এ তারল্য সংকট উত্তরোত্তর জন্য বিতরণ মার্জিন বৃদ্ধিসহ ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্য বৃদ্ধির জন্য বিনীত অনুরোধ জানানো হল।



উপ-মহাব্যবস্থাপক (রাজস্ব), পিজিসিএল

মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), পিজিসিএল

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

রাজস্ব বিভাগ, প্রধান কার্যালয়, সিরাজগঞ্জ।

(গ) ট্যারিফ পবিত্রনের ফলে প্রভাবিত হতে পারে সংশ্লিষ্ট এমন গ্রাহকদের সংক্ষিপ্ত তালিকা এবং মূল্য বৃদ্ধির প্রভাব সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণীঃ

বিদ্যুৎঃ

বর্তমান প্রস্তাবে বিদ্যুতের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে মূল্য ১৪২% বৃদ্ধির প্রস্তাবনা রাখা হয়েছে। দেশের মোট বিদ্যুৎ উৎপাদনের প্রায় ৭৫% প্রাকৃতিক গ্যাস নির্ভর। বিদ্যুৎ উৎপাদনে গ্যাসের মূল্য বৃদ্ধি পেলে দেশের সামগ্রিক জীবন যাত্রার ব্যয় বৃদ্ধির সম্ভাবনা সৃষ্টি হতে পারে। তবে যেসব বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমূহে গ্যাস ব্যতীত ফার্নেশ ওয়েল/কয়লা বা অন্য কোন বিকল্প জ্বালানী ব্যবহার করা হয় তাতে যে পরিমাণ মাসিক খরচ হয় প্রস্তাবিত মূল্য বৃদ্ধি তার তুলনায় অনেকাংশে কম বা সামঞ্জস্যপূর্ণ হবে বলে প্রতীয়মান। বর্তমানে পিজিসিএল এর ০৮ টি বিদ্যুৎ গ্রাহক রয়েছে।

কেপটিভ পাওয়ারঃ

বর্তমান প্রস্তাবে গ্রাহক পর্যায়ে ক্যাপটিভ পাওয়ার ৬৩% বৃদ্ধির প্রস্তাব রাখা হয়েছে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/পল্লী বিদ্যুতায়ন বোর্ড হতে প্রায়ই নিরবচ্ছিন্ন ভাবে বিদ্যুৎ সরবরাহ পাওয়া যায়না। সে সকল শিল্প প্রতিষ্ঠান নিজেদের প্রয়োজনে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ পেতে চান তাদের ক্ষেত্রে প্রস্তাবিত হারে গ্যাস ক্রয় করে বিদ্যুৎ উৎপাদন সামঞ্জস্যপূর্ণ বলে মনে হয়। এছাড়াও কেপটিভ পাওয়ার খাতের মূল্য হার শিল্প হারের চেয়ে বেশি রাখা প্রয়োজন। তাই উক্ত মূল্য বৃদ্ধির প্রস্তাবও যথাযথ। বর্তমানে পিজিসিএল এর ৩৬ টি ক্যাপটিভ পাওয়ার গ্রাহক রয়েছে।

শিল্পঃ

বর্তমান প্রস্তাবে শিল্প খাতে ৯৩% বৃদ্ধির প্রস্তাব রাখা হয়েছে। দেশে যে পরিমাণ মুদ্রাস্ফীতি হয়েছে এবং যে হারে জনগণের জীবন যাত্রার মান বৃদ্ধি পেয়েছে, তার তুলনায় এ বৃদ্ধি সামঞ্জস্যপূর্ণ। এ ছাড়া পাশ্চাত্য দেশসমূহে গ্যাসের মূল্য অনেক বেশি। এমতাবস্থায় এ বৃদ্ধি যথাযথ। বর্তমানে পিজিসিএল এর ৯৩ টি শিল্প গ্রাহক রয়েছে।

বাণিজ্যিকঃ


বর্তমান প্রস্তাবে বাণিজ্যিক খাতে ১৭% বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। বাণিজ্যিক প্রতিষ্ঠানে গ্যাস ব্যতীত বিকল্প জ্বালানী ব্যবহার করা হলে যে পরিমাণ মাসিক খরচ হবে প্রস্তাবিত মূল্যবৃদ্ধি তার সাথে অনেকাংশ কম বা সামঞ্জস্যপূর্ণ হবে বলে প্রতীয়মান। দেশে যে পরিমাণ মুদ্রাস্ফীতি হয়েছে এবং যেহাারে জনগণের জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে, তার তুলনায় এ বৃদ্ধি খুবই কম। এছাড়া পাশ্চাত্য দেশসমূহে গ্যাসের মূল্য অনেক বেশি। এমতাবস্থায় এ বৃদ্ধি যথাযথ। বর্তমানে ২৯২ টি বাণিজ্যিক গ্রাহক রয়েছে।

সিএনজিঃ


বর্তমান প্রস্তাবে সিএনজি খাতে ২০% মূল্য বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। বর্তমানে দেশে অকটেন, পেট্রোল ও ডিজেলের বিকল্প জ্বালানী হিসেবে সিএনজি ব্যবহৃত হচ্ছে। উক্ত জ্বালানীর তুলনায় সিএনজির মূল্য অনেক কম। তবে দেশে বর্তমানে সিএনজি এর বিকল্প হিসেবে যানবাহনে এলপিগ্যাস ব্যবহার হচ্ছে। তাই উচ্চ মূল্যের কারণে প্রতিযোগিতার যেন এলপিগ্যাস এর সহিত সিএনজি বাজারে টিকে থাকতে পারে সেদিকটিও বিবেচনায় রাখা প্রয়োজন। বর্তমানে পিজিসিএল-এর ২৭ টি সিএনজি গ্রাহক রয়েছে।

আবাসিকঃ

আবাসিক খাতে ব্যবহৃত গ্যাস উৎপাদনের কোন উপাদান হিসেবে ব্যবহার হয়না। ফলে আবাসিক খাতে গ্যাসের মূল্য বৃদ্ধি করা হলে দেশে উৎপাদিত কোনো পণ্যের উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়ার কোন সুযোগ নেই বিধায় সাধারণমূল্যস্তরের ওপর এর প্রভাব নেই বললেই চলে। প্রস্তাবিত ট্যারিফে আবাসিক খাতে মূল্যবৃদ্ধির যে প্রস্তাব রাখা হয়েছে তা বিকল্প জ্বালানীর তুলনায় অনেক সশ্রমী। পিজিসিএল অধিভুক্ত এলাকার সামান্য সংখ্যক জনগণ আবাসিক গ্যাসসুবিধা ভোগ করছেন। বর্তমানে পিজিসিএল এর ৫৯৫৫০ টি আবাসিক গ্রাহক রয়েছে। সুবিধাবঞ্চিতরা বিকল্প জ্বালানী, তথা কাঠ, কেরোসিন, এলপিগ্যাস ও কয়লা ব্যবহারের জন্য গড়ে মাসিক ৩০০০-৫০০০ টাকা ব্যয় করছেন। সে বিবেচনায় আবাসিক খাতের মূল্য বৃদ্ধির প্রস্তাব বাস্তবভিত্তিক এবং আবাসিক খাতে বর্ধিতমূল্যের অংশবিশেষ বিকল্প জ্বালানীখাতে ভর্তুকি প্রদান সম্ভব হলে গ্যাসের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য তা ন্যায় বিচার প্রতিষ্ঠার সুযোগ সৃষ্টি হবে।


৫৫/২/২০

S.M. MANJUR RAHMAN
Deputy Manager (Revenue)
Pashchimanchal Gas Company Ltd.
Nalka, Sirajgonj.


০৩/১২/২০

গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে পশ্চিমবঙ্গ গ্যাস কোম্পানি লিমিটেড কর্তৃক ভোক্তা পর্যায়ে সরবরাহকৃত গ্যাসের মূল্যহার প্রস্তাব মোতাবেক নিম্নোক্তভাবে পূর্ণনির্ধারণ করা হলঃ


প্রস্তাবিত গ্রাহক শ্রেণী		প্রস্তাবিত মূল্য (Tk/CM)
১।	বিদ্যুৎ	৭.৬৬
২।	সার	৭.০০
৩।	ক্যাপটিভ পাওয়ার	১৫.৭০
৪।	শিল্প	১৫.০০
৫।	চা-বাগান	১২.৮০
৬।	বাণিজ্যিক	২০.০০
৭।	সিএনজি	
	ক) ফিড গ্যাস	৪০.০০
	খ) সিএনজি	৪৮.০০
৮।	গৃহস্থালী	
	ক) মিটারযুক্ত	১৩.৬৫
	খ) এক বার্ণার	১০০০.০০
	খ) ডাবল বার্ণার	১২০০.০০

- ২। প্রতি ঘনমিটার সিএনজি গ্যাসের পূর্ণনির্ধারিত মূল্যহার ফিড গ্যাস ৪০.০০ টাকা এবং অপারেটর মার্জিন ৮.০০ টাকা।
৩। গ্যাস সরবরাহে বিদ্যমান অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।


কমিশনের আদেশক্রমে,

সচিব

ফোন ৯১৪০১২৫


০৩/০২/১৯

S.M. MANJUR RAHMAN
Deputy Manager (Revenue)
Pashchimanchal Gas Company Ltd.
Nalka, Sirajgonj.


০৩/০২/১৯
পশ্চিমবঙ্গ গ্যাস কোম্পানি লিমিটেড
সচিব
ফোন ৯১৪০১২৫

Pashchimanehal Gas Company Limited
(A Company of Petrobangla)
Nalka, Sirajganj

Statement showing the Profit & loss and other Comprehensive Income
for the year ended 30 June 2018,2019 & 2020

Taka in Million

Sl No	Particulars	Estimated	Revised	Actual
		2019-20	2018-19	2017-18
	2	3	4	5
1	Total Sales Revenue	8,313.74	7,263.72	5,517.81
2	Less: Sales revenue set out, or other tax on sales/ production	-	-	-
3	Less: Government subsidy/premium on export sales	-	-	-
4	Net Sales revenue/service charges(Line 1+2+3)	8,313.74	7,263.72	5,517.81
5	Less: Production cost of sales/operating cost/extraction cost	8,178.26	6,851.33	4,502.49
6	Gross Profit(4-5)	135.48	412.39	1,015.32
7	Less: Selling and distribution expenses	115.34	120.42	393.00
8	Less: Administration expenses	115.34	124.42	109.40
9	Less: Research and development expenses	-	-	-
10	Operating profit(6-7-8-9)	(95.20)	167.55	512.92
11	Add: Loss Subsidy	-	-	-
12	Non Operating Income	245.20	234.60	206.70
13	Less: Interest/Finance expenses	12.70	16.52	20.85
14	Other non-operating expenses	-	-	-
15	Extraordinary items	6.87	19.28	34.94
16	Transfers to workers profit participation fund	-	-	-
17	Net Profit before tax(10+11+12-13-14-15-16)	130.43	366.35	663.83
18	Less: Income tax	45.65	128.22	232.34
19	Net Profit for the year(17-18)	84.78	238.13	431.49
20	Add: Profit brought from the last year	2,443.80	2,355.67	1,986.55
21	Less: Prior year loss now adjusted	-	-	17.63
22	Profit available for appropriation(19+20-21)	2,528.58	2,593.80	2,435.67
23	Less: Dividend/Profit contribution	150.00	150.00	80.00
24	Transfer to reserve	-	-	-
25	Unappropriate profit carried forward(22-23-24)	2,378.58	2,443.80	2,355.67

[Signature]
06.02.19

[Signature]
06.02.19
General Manager
Pashchimanehal Gas Company Limited
Nalka, Sirajganj

[Signature]
06/02/19
General Manager
Pashchimanehal Gas Company Limited
Nalka, Sirajganj

Pashchimanchal Gas Company Limited

(A Company of Petrobangla)

Daka, Sirajgani

Statement showing the Profit & loss and other Comprehensive Income for the year ended 30 June 2020 at proposed distribution Margin/ tariff

Proposed 1

Taka in Million

SI No	Particulars	Estimated 2019-20
	2	3
	Revenue from Gas sales volume 1228 MMCM@.683/Cm proposed	838.72
	Less: Excise duty or other tax on sales/ production	-
	Less: Freight premium on export sales	-
	Revenue service charges(Line 1+2+3)	838.72
	Less: Production cost of sales/operating cost/extraction cost	281.30
	Operating Profit 4-5	557.42
	Less: Marketing and distribution expenses	115.34
	Less: Administration expenses	115.34
	Less: Research and development expenses	-
	Operating profit(6-7-8-9)	326.74
	Less: Loss Subsidy	-
	Non Operating Income	245.20
	Less: Interest/Finance expenses	12.70
	Other non-operating expenses	-
	Extraordinary items	27.96
	Transfers to workers profit participation fund	-
	Net Profit before tax(10+11+12-13-14-15-16)	531.29
	Less: Income tax	185.95
	Net Profit for the year(17-18)	345.34
	Add: Profit brought from the last year	2,443.79
	Less: Prior year loss now adjusted	-
	Profit available for appropriation(19+20-21)	2,789.13
	Less: Dividend/Profit contribution	150.00
	Transfer to reserve	-
	Unappropriate profit carried forward(22-23-24)	2,639.13

[Signature]
06.02.19

[Signature]

CHIEF FINANCIAL OFFICER
PASHCHIMANCHAL GAS COMPANY LIMITED
DACA, SIRAJGANI

[Signature]
06/02/19

CHIEF EXECUTIVE OFFICER
PASHCHIMANCHAL GAS COMPANY LIMITED
DACA, SIRAJGANI

Pashchimanchal Gas Company Limited

(A Company Of Petrogbangla)

Nalka, Siraiganj

**Statement showing the Profit & loss and other Comprehensive Income for the year ended 30 June 2020 at
proposed distribution Margin/ tarif**

Proposed 2

Taka in Million

Sl No	Particulars	Estimated 2019-20
	2	3
	Distribution Margin(on Gas sales volume 1228 MMCM@.903/Cm proposed Distribution Margin	1,108.88
	Less: Sales tax, excise duty or other tax on sales/ production	-
	Less: Selling price subsidy/premium on export sales	-
	Net Sales revenue/service charges(Line 1+2+3)	1,108.88
	Less: Production cost of sales/operating cost/extraction cost	281.30
	Gross Profit(4-5)	827.58
	Less: Selling and distribution expenses	115.34
	Administration expenses	115.34
	Research and development expenses	-
10	Operating profit(6-7-8-9)	596.90
11	Add: Loss Subsidy	-
12	Non Operating Income	245.20
13	Less: Interest/Finance expenses	-
14	Other non-operating expenses	12.70
15	Extraordinary items	-
16	Transfers to workers profit participation fund	41.47
17	Net Profit before tax(10+11+12-13-14-15-16)	787.94
18	Less: Income tax	275.78
19	Net Profit for the year(17-18)	512.16
20	Add: Profit brought from the last year	2,443.79
21	Less: Prior year loss now adjusted	-
22	Profit available for appropriation(19+20-21)	2,955.95
23	Less: Dividend/Profit contribution	150.00
24	Transfer to reserve	-
25	Unappropriate profit carried forward(22-23-24)	2,805.95

[Signature]
06.02.19

[Signature]
06.02.19

[Signature]
06/02/19
(Signature of the Chairman)
06.02.19